গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
সাধারণ শাখা
www.rajshahidiv.gov.bd

**সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভার কার্যবিবরণী**

---

| | |
|---|---|
| সভাপতি | ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ূন কবীর<br>বিভাগীয় কমিশনার |
| সভার তারিখ | ২৪ মার্চ ২০২৪খ্রি. |
| সভার সময় | বেলা ৩.০০টা |
| স্থান | বিভাগীয় কমিশনারের সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক' |

সভাপতি সভার শুরুতে সম্মেলন কক্ষে উপস্থিত সকলকে স্বাগত জানান। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) সভার কার্যক্রম শুরু করেন। তিনি সকলকে জানান যে, এ কার্যালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (২০২৩-২৪) এর সংযোজনী-৭ এ উল্লিখিত সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা এর ২.২ সূচক অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আহবানের বিধান রয়েছে। সভাপতি এ কার্যালয় এবং আওতাধীন জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় হতে প্রদত্ত সেবাসমূহ সুশাসন প্রতিষ্ঠায় কতটা কার্যকর ভূমিকা রাখছে এবং এক্ষেত্রে কি ধরণের প্রতিবন্ধকতা পরিলক্ষিত হচ্ছে সে বিষয়ে সম্মেলন কক্ষে উপস্থিত সকলকে সুচিন্তিত মতামত তুলে ধরার জন্য অনুরোধ করেন।

০২। জনাব মো: শফিকুল ইসলাম, সভাপতি, নাসিব সভাকে জানান যে, পূর্বের তুলনার বর্তমান সময়ে সুশাসন প্রতিষ্ঠা হচ্ছে তবে কিছু প্রতিষ্ঠান সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী সেবা না দেওয়া সাধারণ জনগণের ভোগান্তি রয়েছে। তিনি আরও বলেন যে, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, রাজশাহী উপশহর এ ৯০/৮৯ বাড়ির প্লট একত্রিকরণ বিষয়ে ২০২১ সাল হতে অদ্যবদি নিষ্পত্তি হয় নাই।

০৩। জনাব বিমল চন্দ্র রাজোয়াড়, সভাপতি, জাতীয় আদিবাসী পরিষদ, রাজশাহী সভাকে জানান যে, আদিবাসীরা যুগ যুগ ধরে যে, সরকারি খাসজমি বসবাস করে আসছে। আবার কবরস্থান না থাকায় তারা সরকারি খাস জমিতে মৃতদেহ কবর বা দাফন করে আসছে। গোদাগাড়ী উপজেলার কাকুন মৌজায় গ্রামের অদুরে অবস্থিত সরকারী খাস খতিয়ানভূক্ত মাটি আর এস খতিয়ানের জেএল নং ১৪৮ এর ১২৯৯ দাগের ৫৫শতক জমিতে মৃতদেহ দাফন করে আসলেও গত ০৯/০২/২০২৩খ্রি. তারিখে মো: আসলাম আলী পিতা: মৃত: নজরুল হক, গ্রাম: লালদিঘীপাড়া (দরগাপাড়া) নামে এক ব্যাক্তি গোরস্থানের পশ্চিম অংশ মাটি দিয়ে ভরাট করে এবং জানায় যে, উক্ত জমি তার। এ বিষয়ে জেলা প্রশাসক রাজশাহী বরাবর গত ০৭/০৫/২০২৩খ্রি. তারিখে লালদিঘীপাড়া সাঁওতাল গোরস্থান নামে পত্তনি গ্রহণের আবেদন করলেও অদ্যবদি সে বিষয়ে কোন সমাধান পাননি। তিনি আদিবাসীদের কবরস্থানের জন্য প্রয়োজনীয় জমি পত্তনি দেওয়ার জন্য সভাপতি মহোদয়ের সদয় দৃষ্টি আকর্ষণ করেন।

০৪। বীরমুক্তিযোদ্ধা জনাব মো: নাজিম উদ্দিন সভাকে জানান যে, বর্তমান সময়ে নিত্য প্রয়োজনীয় দ্রব্যমূল্যের দাম অনেক বেশি হওয়ায় সাধারণ মানুষের ক্রয় ক্ষমতার বাইরে চলে যাচ্ছে। তিনি এ বিষয়ে ভোক্তা অধিকার ও জেলা প্রশাসন এবং বিভাগীয় প্রশাসনকে সদয় দৃষ্টি দেওয়ার জন্য অনুরোধ করেন।

০৫। ড. মোঃ আইনাল হক, সিনিয়র রিপোর্টার, বাংলাদেশ সংবাদ সংস্থা সভাকে জানান যে, রাজশাহী জেলার পবা উপজেলাধীন হরিপুর ইউনিয়নের চরমাঝারদিয়া গ্রামের জমি রেজিস্ট্রি করা হলেও নামজারি হয়না, আবার খাজনাও প্রদান করা হয়না। তিনি এ বিষয়ে সভাপতি মহোদয়কে প্রয়োজনীয় ব্যবস্থাগ্রহণের জন্য বিনীতভাবে অনুরোধ জানান। তার জবাবে সভাপতি মহোদয় বলেন যে, আগামীতে জমি রেজিস্ট্রি হলে পরবর্তী প্রক্রিয়া অনুযায়ী নির্ধারিত সময়ে নামজারি হয়ে যাবে তা কোন আবেদন করতে হবে না। এই প্রক্রিয়া চলমান রয়েছে। আগামীতে শুধু বাস্তবায়নের অপেক্ষায় রয়েছে তখন নামজারির জন্য আবেদন প্রয়োজন হবে না। নিজ প্রক্রিয়ায় নামজারি হয়ে গেলে সকলেই অনলাইনে খাজনা প্রদান করতে পারবে।

০৬। জনাব আঞ্জুমান আরা পারভীন, সভাপতি, ওয়েব, রাজশাহী সভাকে জানান যে, গত ০৯/০৩/২০২৪খ্রি. তারিখ ভারতের মালদায় বাংলাদেশের হয়ে রাজশাহী ও চাঁপাইনবাবগঞ্জ জেলা থেকে মোট ৪৫ জন নারী উদ্যোক্তা প্রতিনিধি মেলায় অংশগ্রহণ করেন। সেখানে ভারতীয় প্রশাসন তাদের সকল নারী উদ্যোক্তাকে থাকা

খাওয়াসহ সকল সুযোগ-সুবিধা প্রদান করেন। এইভাবে আমাদের দেশে ভারতীয় উদ্যোক্তাতাদের মেলায় অংশগ্রহণের জন্য সুযোগ প্রদান করা গেলে দুই দেশের নারী উদ্যোক্তাদের মধ্যে সুসম্পর্কসহ দেশীয় পণ্য বিদেশে রপ্তানির সুযোগ হবে বলে মনে করেন।

০৭। জনাব সাইদুর রহমান, সভাপতি, রাজশাহী প্রেসক্লাব, সভাকে জানান যে, রাজশাহী শিক্ষা বোর্ডের অধীনে শিক্ষা প্রতিষ্ঠান রয়েছে প্রায় ০৪ (চার) হাজার। এখানে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান থেকে সেবা নিতে আসা সেবা গ্রহীতাগণ বিভিন্ন ভাবে প্রতারণার শিকার হচ্ছে। সে বিষয়ে কোন কার্যকর পদক্ষেপ গ্রহণ করা যায় কি না সে বিষয়ে সভাপতি মহোদয়কে অনুরোধ জানান। সভাপতি তার জবাবে জানান যে, বর্তমানে শিক্ষা বোর্ডের বিষয়ে তদন্তকার্যক্রম চলমান রয়েছে। তদন্ত শেষে এ বিষয়ে কার্যক্রম গ্রহণ করা হবে।

০৮। ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ূন কবীর, বিভাগীয় কমিশনার, রাজশাহী বলেন যে, অংশীজনদের নিয়ে এ ধরনের সভা আয়োজনের মূল উদ্দেশ্য হচ্ছে এ কার্যালয় এবং আওতাধীন জেলা প্রশাসকের কার্যালয় বা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সমূহ হতে যে সেবা জনগণকে দেওয়া হচ্ছে সে সর্ম্পকে মতামত বা সুপারিশ গ্রহণ করা । প্রদত্ত সেবার মান উন্নয়নে এ ধরনের সভা গরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে তিনি আশা প্রকাশ করেন। এছাড়া কার্যকর গণশুনানী আয়োজনের মাধ্যমে সরকারি সেবাকে আরও জনবান্ধব করা যায়। অর্পিত দায়িত্ব পালনে আরও বেশি আন্তরিক হওয়ার জন্য তিনি সকলের প্রতি অনুরোধ করেন। তিনি আশা প্রকাশ করেন দায়িত্বরত কর্মকর্তাদের আন্তরিকতা ঠিক থাকলে এ কার্যালয় এবং আওতাধীন জেলা প্রশাসকের কার্যালয়সমূহ হতে সেবা গ্রহীতাদের যে সকল সেবা প্রদান করা হয় তা আরও মানসম্মত এবং জনবান্ধব হবে। তিনি আরও জানান যে, সেবা প্রদান প্রতিশ্রুতি প্রতি তিন মাস পরপর হালনাগাদ করা হয়ে থাকে তবে কখন দেখা যায় যে, ঐ অফিস থেকে অন্য অফিসে বদলি হয়ে গেলেও সে কর্মকর্তার তথ্য ওয়েবসাইটে হালনাগাদ করা হয় না। সে বিষয়ে সকল সরকারি অফিসের ওয়েবসাইট হালনাগাদ রাখা প্রয়োজন। সেবা প্রদানের ক্ষেত্রে সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী সেবা না পেলে GRS সফটওয়্যারের মাধ্যমে অভিযোগ দাখিল করতে হবে। অভিযোগের বিষয়ে কোন সমাধান না পেলে উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর আপীল করতে হবে। সুশাসন প্রতিষ্ঠা তখনই হবে যখন সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী সেবা প্রদান করা হবে এবং কোন অভিযোগ আসবে না। তিনি আরও বলেন যে, বিদেশ থেকে ঋণগ্রহণ করে সরকার দেশের বিভিন্ন উন্নয়ন প্রকল্প অনুমোদন করছেন কিন্তু মাসের পার মাস বছরের পর বছর লেগে যাচ্ছে উন্নয়ন প্রকল্পের কাজ শেষ করতে এতে করে সরকারি অর্থের অপচয় ও জন ভোগান্তি বৃদ্ধি পাচ্ছে। সঠিকভাবে উন্নয়ন প্রকল্প পরিদর্শন করার বিষয়ে সভাপতি মহোদয় সকল সরকারি কর্মকর্তাকে নির্দেশ প্রদান করেন।

বিস্তারিত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

| ক্র: নং | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ০১. | বিভাগীয় কমিশনারের কার্যালয় ও এ কার্যালয়ের আওতাধীন সকল দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিকভিত্তিতে হালনাগাদপূর্বক স্ব স্ব ওয়েবসাইটে আপলোড ও প্রকাশে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | জেলা প্রশাসক (সকল)<br>রাজশাহী বিভাগ<br>ও<br>ফোকাল পয়েন্ট কর্মকর্তা সেবা প্রদান প্রতিশ্রুতি এ কার্যালয় |
| ০২. | সেবার মান উন্নয়নে সিটিজেন চার্টার অনুযায়ী দ্রুত সেবা প্রদানে কার্যকর উদ্যোগ গ্রহণ করতে হবে। | জেলা প্রশাসক (সকল)<br>রাজশাহী বিভাগ<br>ও<br>ফোকাল পয়েন্ট কর্মকর্তা সেবা প্রদান প্রতিশ্রুতি এ কার্যালয় |
| ০৩. | সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত ফোকাল পয়েন্ট ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তার তথ্য স্ব স্ব ওয়েবসাইটে হালনাগাদপূর্বক আপলোড করতে হবে। | জেলা প্রশাসক (সকল)<br>রাজশাহী বিভাগ<br>ও<br>ভারপ্রাপ্ত কর্মকর্তা, সাধারণ শাখা এ কার্যালয় |

পরিশেষে দাপ্তরিক দায়িত্ব পালনে শুদ্ধাচার চর্চার উপর গুরুত্বারোপ করে এবং প্রদত্ত সেবার মান ক্রমাগত বৃদ্ধির অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

৩১-০৩-২০২৪

ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ূন কবীর
বিভাগীয় কমিশনার
০২৫৮৮৮৫৭২৩৩ (ফোন)
০২৫৮৮৮৫৭৫২৯ (ফ্যাক্স)
divcomrajshahi@mopa.gov.bd

১৭ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ৩১ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

**নম্বর:** ০৫.৪৩.০০০০.০১২.০১.০০২.২৪.১৬৭

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। উপ মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ, রাজশাহী রেঞ্জ, রাজশাহী;
২। পুলিশ কমিশনার, রাজশাহী মেট্রোপলিটন পুলিশ, রাজশাহী;
৩। পরিচালক, স্থানীয় সরকার, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী;
৪। অতিরিক্ত বিভাগীয় কমিশনার, সার্বিক, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী;
৫। অতিরিক্ত বিভাগীয় কমিশনার (অতিরিক্ত দায়িত্ব), রাজস্ব, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী;
৬। অতিরিক্ত বিভাগীয় কমিশনার (অতিরিক্ত দায়িত্ব), উন্নয়ন, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী;
৭। জেলা প্রশাসক, রাজশাহী/নাটোর/নওগাঁ/চাঁপাইনবাবগঞ্জ/পাবনা/বগুড়া/সিরাজগঞ্জ/জয়পুরহাট;
৮। বিভাগীয় পরিচালক, বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) এর কার্যালয়, রাজশাহী;
৯। অধ্যক্ষ, নিউ গভঃ ডিগ্রী কলেজ, রাজশাহী;
১০। প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ;
১১। সচিব, রাজশাহী সিটি কর্পোরেশন, রাজশাহী;
১২। নির্বাহী পরিচালক, বিএমডিএ, রাজশাহী;
১৩। উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), স্থানীয় সরকার শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী;
১৪। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, রাজশাহী;
১৫। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, রাজশাহী;
১৬। উপ-পরিচারক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী;
১৭। উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, রাজশাহী বিভাগ, রাজশাহী;
১৮। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনপুর, রাজশাহী;
১৯। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, দূর্গাপুর, রাজশাহী;
২০। মেয়র, নওহাটা পৌরসভা, রাজশাহী;
২১। কমিশনারের একান্ত সচিব, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী;
২২। আঞ্চলিক পরিচালক, আঞ্চলিক পরিচালকের দপ্তর, বাংলাদেশ বেতার, রাজশাহী;
২৩। পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, রাজশাহী বিভাগ, রাজশাহী;
২৪। বীর মুক্তিযোদ্ধা ড. মো: আব্দুল মান্নান, আমেনা ক্লিনিক, তালাইমারী মোড়, রাজশাহী;
২৫। বীর মুক্তিযোদ্ধা জনাব মো: নাজিম উদ্দিন, চৌদ্দপাই, বিনোদপুর বাজার, মতিহার, রাজশাহী;
২৬। সভাপতি, রাজশাহী প্রেসক্লাব, রাজশাহী;
২৭। সভাপতি, ওয়েব, রাজশাহী;
২৮। সম্পাদক, দৈনিক সোনার দেশ, রাজশাহী;
২৯। সভাপতি, নাসিব, রাজশাহী;
৩০। এরিয়া কো-অর্ডিনেটর, টিআইবি, রাজশাহী;
৩১। সভাপতি, জাতীয় আদিবাসী পরিষদ, রাজশাহী;
৩২। সিনিয়র রিপোর্টার, বাংলাদেশ সংবাদ সংস্থা, রাজশাহী;
৩৩। ডিস্ট্রিক ম্যানেজার, আশা, ১৪৮/৩ উপশহর, বোয়ালিয়া, রাজশাহী;
৩৪। ম্যানেজার, ইউসেফ, রাজশাহী এবং
৩৫। বিভাগীয় সমন্বয়ক, ব্র্যাক, রাজশাহী বিভাগ, রাজশাহী।

Ashiq

৩১-০৩-২০২৪
আশিক জামান
সহকারী কমিশনার (অতিরিক্ত দায়িত্ব)